

## 📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৭১১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭১২]

পর্ব-৮: মসজিদ (كِتَابُ الْمَسَاجِدِ)

পরিচ্ছেদঃ ১৯: শিশুদের নিয়ে মসজিদে প্রবেশ করা

### إدخال الصبيان المساجد

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قَالَ: حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ، عَنْ عَمْرِو بْنِ سُلَيْمٍ الزُّرْقِيِّ، أَنَّهُ سَمِعَ أَبَا قَتَادَةَ، يَقُولُ: بَيْنَا نَحْنُ جُلُوسٌ فِي الْمَسْجِدِ إِذْ خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَحْمِلُ أُمَامَةَ بِنْتَ أَبِي الْعَاصِ بْنِ الرَّبِيعِ وَأُمُّهَا زَيْنَبُ بِنْتُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهِيَ صَبِيَّةٌ يَحْمِلُهَا فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهِيَ عَلَى عَاتِقِهِ يَضَعُهَا إِذَا رَكَعَ وَيُعِيدُهَا إِذَا قَامَ حَتَّى قَضَى صَلَاتَهُ يَفْعَلُ ذَلِكَ بِهَا .

تخريج دارالدعوة: صحيح البخارى/الصلاة ١٠٦ (٥١٦)، الأدب ١٨ (٥٩٩٦)  
مختصراً، صحيح مسلم/المساجد ٩ (٥٢٣)، سنن أبى داود/الصلاة ١٦٩ (٩١٧، ٩١٨،  
٩١٩، ٩٢٠)، موطا امام مالك/السفر ٢٤ (٨١)، (تحفة الأشراف: ١٢١٢٤)، مسند  
احمد ٥/٢٩٥، ٢٩٦، ٣٠٣، ٣٠٤، ٣١٠، ٣١١، سنن الدارمى/الصلاة ٩٣ (١٣٩٩)،  
١٤٠٠)، ويأتى عند المؤلف بأرقام: ٨٢٨، ١٢٠٥، ١٢٠٦ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 712 – صحيح

বাংলা

৭১১. কুতায়বাহ্ (রহ.) ..... 'আমর ইবনু সুলায়ম আয যুরাকী (রাঃ) হতে বর্ণিত। তিনি আবু কতাদাহ্ (রাঃ)-কে বলতে শুনেছেন, আমরা মসজিদে বসা ছিলাম, হঠাৎ রাসূলুল্লাহ (সা.) বের হয়ে আমাদের নিকট আসলেন। আবুল আস ইবনু রবী'-এর কন্যা উমামাকে কোলে নিয়ে আমাদের কাছে আসলেন তার মা হলো রাসূলুল্লাহ (সা.)-এর কন্যা যায়নাব (রাঃ)। তিনি ছোট শিশু রাসূলুল্লাহ (সা.) তাঁকে বহন করেই বেড়াতেন। অতঃপর রাসূলুল্লাহ (সা.)

সালাত আদায় করলেন তাঁকে কাঁধে রেখেই। তিনি রুকু করার সময় তাঁকে নামিয়ে রেখে দিতেন। দাঁড়ালে আবার কাঁধে তুলে নিতেন। এমনভাবে তিনি তাঁর সালাত আদায় করলেন।

## English

### 19. Bringing Children Into The Masjid

It was narrated from 'Amr bin Sulaim Az-Zuraqi that he heard Abu Qatadah say: While we were sitting in the Masjid. The Messenger of Allah (ﷺ) came out to us carrying Umamah bint Abi Al-'As bin Ar-Rabi', whose mother was Zainab, the daughter of the Messenger of Allah (ﷺ). She was a little girl and he was carrying her. The Messenger of Allah (ﷺ) prayed with her on his shoulder, putting her down when he bowed and picking her up again when he stood up, until he completed his prayer.

## ফুটনোট

সহীহ: বুখারী ৫১৬, ৫৯৯৬; মুসলিম ৫৪৩, সহীহ আবু দাউদ ৮৫১-৮৫৩।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ কুতায়বা ইবনু সাঈদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87085>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন